দৈনিক বাংলা

তারিখ 01 FEB 1997
পৃষ্ঠা ৭ কলাম ৭

৩০

# চিন্তা ও শিক্ষার দারিদ্র্য থেকে জাতিকে মুক্ত করতে হবে ঃ সাদেক

জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির প্রথম সভা বৃহস্পতিবার ঢাকায় নায়েম মিলনায়তনে কমিটির চেয়ারম্যান বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর শামসুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা এবং বিজ্ঞান প্রযুক্তিমন্ত্রী এ এস এইচকে সাদেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন। কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সালাহউদ্দিন ইউসুফ, শ্রম ও জনশক্তি প্রতিমন্ত্রী এমএ মান্নান, প্রাথমিক ও গণশিক্ষা উপমন্ত্রী জিন্নাতুন নেছা তালুকদার এবং শিক্ষা কমিটির সদস্য সচিব বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মুহঃ ফজলুর রহমানও অনুষ্ঠানে বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক তার ভাষণে বলেন, অর্থনৈতিক দারিদ্র্যতার সাথে চিন্তার ও শিক্ষার দারিদ্র্য থেকেও জাতিকে মুক্ত করতে হবে। তিনি বলেন, দেশে উৎপাদনমুখী শিক্ষার যে চাহিদা রয়েছে তার সুযোগ সৃষ্টি করে দিতে হবে। এমনভাবে শিক্ষানীতি প্রণয়ন করতে হবে যাতে শিক্ষার্থীরা কর্মসংস্থানের সংকটে না পড়ে।

শিক্ষামন্ত্রী অভিমত প্রকাশ করে বলেন, কোন কমিশন চিরকালের জন্য শিক্ষানীতি প্রণয়ন করতে পারে না। তাই ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক গঠিত কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশনের মৌলিক নীতি-নির্ধারণীগুলোর ভিত্তিতে বর্তমান কমিটি একটি যুগোপযোগী শিক্ষানীতির প্রস্তাবনা তৈরি করতে পারবে বলে তিনি আশা প্রকাশ করেন।

জনাব এ এসএইচকে সাদেক বলেন, শিক্ষার মান প্রাথমিক পর্যায় থেকে উচ্চ শিক্ষা পর্যায় পর্যন্ত উন্নীত করার তাগিদ জনগণ থেকে রয়েছে। তিনি বলেন, একটি সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে রাজনৈতিক ও সামাজিক চাপকে এড়িয়েই শিক্ষার মানকে মানসম্মত পর্যায়ে নিয়ে যেতে হবে।

আজ একইস্থানে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটি কাজের কৌশল ও কর্মপরিধি নির্ধারণে বৈঠকে বসবে।